**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প"**
**মহিলা বিষয়ক অধিদপ্তর**
**৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।**

স্মারক নং ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭ (অংশ-২)-৪৩২ তারিখঃ ০১/ ১২/২০২১ খ্রিঃ।

**বিষয়: আইজিএ প্রকল্পের আওতায় ৬৪ টি জেলা পর্যায়ে আউটসোর্সিং প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় ৬৪টি জেলা শহরে আউটসোসিং প্রতিষ্ঠানের মাধ্যমে জানুয়ারি-২০২২ হতে মার্চ- ২০২২ সেশন হতে প্রতি ব্যাচে ৪৫ জন প্রশিক্ষণার্থী নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। **উল্লেখ্য, আউটসোর্সিং প্রতিষ্ঠান চূড়ান্ত করণ করা হয়েছে এবং চুক্তি প্রক্রিয়াধীন রয়েছে। প্রশিক্ষণ শুরুর তারিখ পরবর্তীতে পত্রের মাধ্যমে জানানো হবে।**

০৩। এমতাবস্থায় **আগামী ০২/১২/২০২১ সকাল ০৯:০০ টা থেকে ১৫/১২/২০২১ তারিখ দুপুর ১২ টা পর্যন্ত প্রকল্পের প্রশিক্ষণার্থীর ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট: http://iga.dwa.gov.bd খোলা থাকবে। নির্ধারিত সময়ের মধ্যে আগ্রহী প্রশিক্ষণার্থীদের অনলাইনে আবেদন গ্রহণের জন্য অনুরোধ করা হলো।** উল্লেখ্য, প্রকল্প কার্যালয় থেকে ০২/১২/২০২১ইং তারিখের দৈনিক আমাদের নতুন সময় ও দৈনিক সকালের সময় পত্রিকায় প্রশিক্ষণার্থীর ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে (জেলা থেকে আলাদা ভাবে কোন পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়ার প্রয়োজন নেই)।

**সংযুক্তিঃ প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ।**

০১/১২/২০২১

**(মো: তরিকুল আলম)**
যুগ্মসচিব
ও
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৫৫১৩৮১২৭

**উপপরিচালক (৬৪টি জেলা মাঠ পর্যায় )**
প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে, জেলা প্রশাসকের কার্যালয় ও জেলা পরিষদের চেয়ারম্যান এর কার্যালয়ের নোটিশ বোর্ডে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**
১। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
২। উপ-পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর.......... জেলা।
৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৪। মহাপরিচালক এঁর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প"
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং: ৩২.০১.০০০০.০৪৭.২৯.০৬৫.১৮-৪৩০ তারিখ: ০১/১২/২০২১ খ্রি:।

# প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের অধীনে ৮ টি বিভাগীয় শহর (রাজশাহী বিভাগের পাবনা জেলায়), ৬৪টি জেলা শহর ও ৪৩১ টি উপজেলায় নিম্ন বর্ণিত ট্রেডে দরিদ্র, সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের বিনামূল্যে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে ০১ জানুয়ারি ২০২২ হতে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত **(উপজেলা পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রম ২০ ডিসেম্বর ২০২১ হতে শুরু হবে)** অনুষ্ঠিতব্য প্রশিক্ষণের জন্য **Online**-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ-

| ট্রেডের নাম | প্রশিক্ষণের স্থান | প্রশিক্ষণের মেয়াদ | আসন সংখ্যা | বয়স সীমা | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। ফ্যাশন ডিজাইন<br>২। বিউটিফিকেশন<br>৩। ক্রিস্টাল শোপিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি)<br>৪। মাশরুম চাষ, ভার্মি কম্পোষ্ট ও মৌচাষ<br>৫। শতরঞ্জি ও হস্তশিল্প<br>৬। ফুড প্রসেসিং<br>৭। বেবি কেয়ার ও হাউজকিপিং | উপজেলা পর্যায়ে (৪৩১টি উপজেলা) | ৩ মাস মেয়াদী<br>৬০ দিন ব্যাপী<br>সর্বমোট: ৩৬০ ঘন্টা | প্রতি উপজেলায় ২টি ট্রেড<br>প্রতি ট্রেডে ২৫ জন করে<br>সর্বমোট<br>(২৫ X ২) = ৫০ জন।<br>**(উপজেলা ওয়ারী প্রশিক্ষণ ট্রেডের তালিকা ওয়েবসাইটে পাওয়া যাবে)** | ১৬-৪৫ বৎসর | দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী (ইত্যেপূর্বে সংশ্লিষ্ট প্রকল্প হতে প্রশিক্ষণ প্রাপ্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না) |
| ৮। কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং<br>৯। কম্পিউটার অ্যাপ্লিকেশন প্রোগ্রাম | জেলা পর্যায়ে (৬৪টি জেলা শহরে) | ৩ মাস মেয়াদী<br>৬০ দিন ব্যাপী<br>সর্বমোট: ৩৬০ ঘন্টা | প্রতি জেলায় ১টি ট্রেড<br>প্রতি ট্রেডে ৪৫ জন করে **(জেলা ওয়ারী প্রশিক্ষণ ট্রেডের তালিকা ওয়েবসাইটে পাওয়া যাবে)** | ১৬-৪৫ বৎসর | দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী (ইত্যেপূর্বে সংশ্লিষ্ট প্রকল্প হতে প্রশিক্ষণ প্রাপ্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না) |
| ১০। মটর ড্রাইভিং | ৭টি বিভাগীয় শহরে এবং রাজশাহী বিভাগের পাবনা জেলায়। | ৩ মাস মেয়াদী<br>৬০ দিন ব্যাপী<br>সর্বমোট: ৩৬০ ঘন্টা | প্রতি ব্যাচে<br>৩০ জন | ২১-৪৫ বৎসর | **১। ন্যূনতম এসএসসি পাশ হতে হবে।<br>২। মানসিক ও শারীরিকভাবে সুস্থ হতে হবে।** |

**নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

০১। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের **ওয়েবসাইট (iga.dwa.gov.bd)** এর মাধ্যমে কেবলমাত্র অনলাইনে প্রশিক্ষণে ভর্তির আবেদন করতে হবে। **Online**-এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

**(ক) Online - এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময়ঃ ০২/১২/২০২১ খ্রি: সকাল -০৯.০০ টা হতে ১৫/১২/২০২১ খ্রি: দুপুর-১২.০০ টা। উল্লেখ্য, এই সময়ের মধ্যেই পূরণকৃত আবেদনপত্রের PDF কপি আবশ্যিক ভাবে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।**

**(খ)** **Online**- এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) **pixel** স্ক্যান করে নির্ধারিত স্থানে **Upload** করবেন। ছবির সাইজ সর্বোচ্চ **300 KB** হতে হবে।

**(গ) বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে (যাহার জন্য যা প্রযোজ্য) আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ১৫/১২/২০২১খ্রি: বিকাল-৪.০০ টা।**

০২। **Online**- এ আবেদন করে আবেদনপত্রের প্রিন্ট কপিতে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর **(স্বাক্ষর বিহীন কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নহে)** পূর্বক ০২ (দুই) কপি মূল আবেদনপত্র প্রার্থী যে উপজেলা, জেলা ও বিভাগে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক, সেই উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে, সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের কার্যালয়ে ও বিভাগীয় পর্যায়ের প্রশিক্ষণের ক্ষেত্রে মূল আবেদনপত্র সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালকের কার্যালয়ে দাখিল করতে হবে । **শুধুমাত্র ঢাকা বিভাগের বিভাগীয় পর্যায়ে মটর ড্রাইভিং ট্রেডের অনলাইন আবেদন প্রকল্প কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রুম নং-৭০৭, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা দাখিল করতে হবে তা না হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।**

০৩। **Online**- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্রের প্রিন্ট কপি উপ-পরিচালক/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় অথবা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা না দেয়া পর্যন্ত কোন অবস্থাতেই আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে না। ছবি এবং স্বাক্ষরবিহীন কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা ট্রেড বাতিল/ সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫। **প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে বিভাগ, জেলা ও উপজেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।** কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রশিক্ষণার্থীর ভর্তি প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

**০৬। সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিনের হাজিরার জন্য ২০০/- (দুইশত) টাকা করে ৬০ (ষাট) দিনের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।**

**০৭। Motor Driving with basic maintance ট্রেডটি উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প হতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হবে।**

**০৮। মটর ড্রাইভিং ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থীদের শিক্ষানবিশ ও পেশাদার লাইসেন্স বাবদ পরিক্ষার ফি প্রকল্প কার্যালয় পরিশোধ করবেন।**

**০৯। আবেদনপত্র বাংলায় পূরণ করতে হবে (কেবলমাত্র ইংরেজীতে পূরণের নির্দেশনা ব্যতিরেকে)।**

**১০। নির্ধারিত সময়ের মধ্যে Online- এ আবেদন করা না হলে পরবর্তীতে কোনক্রমেই কোন আবেদন গ্রহণ করা হবে না।**

০১/১২/২০২১

(মোঃ তরিকুল আলম)
যুগ্মসচিব
ও
প্রকল্প পরিচালক

**জরুরী প্রয়োজনে যোগাযোগ- ০১৭৪৩-৬৮৩২২৯, ০১৭১৪-২২৭০৫৮**

F:\Asad\Iga Letter\Trainess Advertisement